

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

সার্কুলার নং- ০২/২০১৮

এ,

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পাঁচ বছরের অধিক পুরাতন মামলা অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তিরণ সংক্রান্ত।

দেশের অধস্তন আদালতসমূহে বর্তমানে আটাশ লক্ষের অধিক মামলা বিচারাধীন এবং ক্রমান্বয়ে এই মামলার জট বৃদ্ধি পাচ্ছে। বিচারাধীন মামলার মধ্যে পাঁচ বছরের অধিক পুরাতন মামলার সংখ্যাও কম নয়। কাঞ্চিত সময়ের মধ্যে মামলার নিষ্পত্তি বিচারপ্রার্থীদের প্রত্যাশা। ফলে, মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিসহ অগ্রাধিকার ভিত্তিতে পাঁচ বছরের অধিক পুরাতন মামলা নিষ্পত্তি করে ক্রমবর্ধমান মামলা জট নিরসনের বিকল্প নাই।

০২। এমতাবস্থায়, দেশের অধস্তন সকল আদালত/টাইব্যুনালসমূহ-কে অগ্রাধিকার ভিত্তিতে পাঁচ বছরের অধিক পুরাতন মামলা নিষ্পত্তির নির্দেশ প্রদান করা হলো। প্রত্যেক আদালত/টাইব্যুনাল-কে প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে বর্তমানে প্রেরিত বিবরণীর অতিরিক্ত হিসেবে উক্ত আদালতসমূহে বিচারাধীন ও নিষ্পত্তিকৃত পাঁচ বছরের অধিক পুরাতন মামলার বিবরণী (আদালতের নাম পৃথক পৃথকভাবে উল্লেখকরতঃ) ‘সংযুক্ত ছক’ অনুযায়ী অত্র কোর্টে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

০৩। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঝস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

সংযুক্ত: ‘সংযুক্ত ছক’ ১ ফর্ড।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে


স্বাঃ/-

(ড. মোঃ জাকির হোসেন)  
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জেনারেল  
ফোনঃ ৯৫৬২৭৮৫  
ই-মেইলঃ rg @supremecourt.gov.bd

কার্যালয়ে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ,----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ, ----- (সকল)।
- ৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----- (সকল)।
- ৫। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্বাচন দমন টাইব্যুনাল, ----- (সকল)।
- ৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিধাকারী অপরাধ দমন টাইব্যুনাল, ----- (সকল)।
- ৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার টাইব্যুনাল,----- (সকল)।
- ৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট টাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
- ৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক টাইব্যুনাল,----- (সকল)।
- ১০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল টাইব্যুনাল, ঢাকা।
- ১১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----- (সকল)।

- ১২। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----- (সকল)।
- ১৩। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ১৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এন্ড সাইইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল,----- (সকল)।
- ১৫। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইবুনাল, ঢাকা।
- ১৭। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইবুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এন্ডেচেঞ্জ কমিশন, ঢাকা।
- ১৮। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইবুনাল, দৈত বেঞ্চ-৫, ঢাকা।
- ১৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
- ২০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
- ২১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২২। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষনের জন্য]
- ২৩। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২৪। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে  
প্রকাশের অনুরোধসহ)।



20.02.18  
 (মোহাম্মদ আকতারুজ্জামান ভুঁইয়া)  
 ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
 ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)  
 ই-মেইল: aktar.dr@supremecourt.gov.bd

**সংযুক্ত ছক: ‘পাঁচ বছরের অধিক পুরাতন মামলার মাসিক বিবরণী’**

| ক্রমিক<br>নং | আদালতের নাম | বিবেচ্য মাসের<br>শুরুতে<br>বিচারাধীন মোট<br>মামলার সংখ্যা | বিবেচ্য মাসের<br>শুরুতে বিদ্যমান<br>পাঁচ বছরের<br>অধিক পুরাতন<br>বিচারাধীন<br>মামলার সংখ্যা | বিবেচ্য মাসে<br>নতুনভাবে তালিকায়<br>অন্তর্ভুক্ত পাঁচ বছরের<br>অধিক পুরাতন<br>বিচারাধীন মামলার<br>সংখ্যা | বিবেচ্য মাসে<br>পাঁচ বছরের<br>অধিক পুরাতন<br>নিষ্পত্তিকৃত<br>মামলার সংখ্যা | বিবেচ্য মাসের শেষে<br>পাঁচ বছরের অধিক<br>পুরাতন বিচারাধীন<br>মামলার সংখ্যা | মন্তব্য |
|--------------|-------------|---|---|--|--|--|---------|
| (১)          | (২)         | (৩)   | (৪)   | (৫)  | (৬)  | (৭) = (৪)+(৫)-(৬)  | (৮)     |
|              |             |   |   |  |  |  |         |
|              |             |   |   |  |  |  |         |



